137

ভোরের কাগজ

তারিখ ... APR. 7 ..1999
পৃষ্ঠা ৯ কলাম ৪

# প্রশাসনিক ভবনে তালা দিয়েছে ছাত্রছাত্রীরা ভিক্টোরিয়া কলেজের কার্যক্রম বিঘ্নিত

কুমিল্লা প্রতিনিধি : কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের প্রশাসনিক ভবনে বিক্ষুব্ধ সাধারণ ছাত্রছাত্রীরা তালা ঝুলিয়ে দিয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজের চারটি ইউনিটের ১৮টি সম্মান বিষয়ে ভর্তি পরীক্ষার ঘোষিত ফলাফল প্রত্যাখ্যান করে ছাত্ররা এ তালা ঝুলায়। ফলে ভিক্টোরিয়া কলেজের সম্মান বিষয়ের ভর্তি কার্যক্রমসহ ডিগ্রি শাখার সকল প্রশাসনিক কার্যক্রম বন্ধ রয়েছে।

গত সোমবার বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা জানায়, এবারের ভর্তি পরীক্ষার ঘোষিত ফলাফলে ভিক্টোরিয়া কলেজ থেকে পাস করা মেধাবী ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় ভালো ফলাফল করেও এইচএসসিতে নম্বর কম পাওয়ায় মেধা তালিকায় স্থান পায়নি। পাশাপাশি কুমিল্লা শহরতলি ও জেলা সদরের বাইরে নকলের জন্য খ্যাত কেন্দ্রগুলো থেকে অধিক নম্বর নিয়ে পাস করে আসা ছাত্রছাত্রীরা ভর্তি পরীক্ষায় ভালো না করেও মেধা তালিকায় চলে এসেছে। এ কারণে বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা কলেজের প্রশাসনিক ভবনে রোববার তালা ঝুলিয়ে দেয়। ছাত্রছাত্রীদের এ আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করেছে কলেজ ছাত্র সংসদ, ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্রশিবির, ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়ন।